

[নতুন (১+১+১) পাঠক্রম অনুসারে]

১৫ নম্বরের প্রশ্নে ৩০০ শব্দ ও ৫ নম্বরের প্রশ্নে ১০০ শব্দের মধ্যে উত্তর দেওয়া বাঞ্ছনীয়

১। (ক) 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের কুসুম চরিত্রটি রূপায়ণে উপন্যাসিকের দক্ষতার মূল্যায়ন করো। ১৫

[অথবা], (খ) 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসটিতে যেভাবে অন্তর্বাস্তবতার বিষয়টি রূপায়িত হয়েছে, তা উপযুক্ত উল্লেখসহ সংক্ষেপে বিশ্লেষণ করো। ১৫

২। (ক) 'অরণ্যের অধিকার' উপন্যাসের ভূমিকায় স্বয়ং উপন্যাসিকই লিখছেন 'বিদ্রোহ থেকে জন্ম নেয় বিপ্লব'। পাঠ্য উপন্যাস অনুসারে এই উক্তিটির সার্থকতা বিশ্লেষণ করো। ১৫

[অথবা], 'অরণ্যের অধিকার' উপন্যাসের গঠনে ধানী মুণ্ডা চরিত্রটির একটি বিশেষ ভূমিকা রয়েছে — আলোচনা করো। ১৫

৩। (ক) রবীন্দ্রনাথের 'সুভা' গল্প অবলম্বনে সুভা চরিত্রটির মূল্যায়ন করো। ১৫

[অথবা], (খ) 'ক্ষুধিত পাষণ' গল্পটির গঠন-কৌশল সম্পর্কে আলোচনা করো। ১৫

৪। (ক) এক তরুণের ভালোবাসা আর আত্মোৎসর্গ, ভুল করা আর জীবন দিয়ে তা সংশোধনের অপূর্ব কাহিনী হিসেবে 'মেঘমল্লার' ছোটগল্পটির সার্থকতা বিচার করো। ১৫

[অথবা], 'টোপ' গল্পের নামকরণ কতদূর সঙ্গতিপূর্ণ তা আলোচনা করো। ১৫

৫। (ক) 'আদাব' দাস্তার পটভূমিতে রচিত সাম্প্রদায়িক সম্প্রীতি ও মানবতাবোধের গল্প। — 'আদাব' গল্পটি অবলম্বনে বক্তব্যটি পরিস্ফুট করো। ১৫

[অথবা], (খ) '..... এই দুই যুবক-যুবতী ভাঙাচোরা বাড়িটার তিনতলার একটা অন্ধকার ঘরে সারারাত্রি তন্দ্রাহীন নিঃশব্দে চোখে নিঃশব্দে বসে থেকে সূর্যোদয়ের প্রতীক্ষা করতে লাগল।' এই উদ্ধৃতাংশের ভিত্তিতে 'এখন প্রেম' গল্পের অভিমুখটি আলোচনা করো। ১৫

৬। (ক) 'মাটির টিলাটির উপর সূর্যাস্ত দেখিবার শখ এ জীবনে আর একবারও শরীর আসিবে না।' — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

[অথবা], 'পাজী, হতভাগা, জোচ্চর! মর, তুই মর!' — বক্তা কে? তার এই ধরনের মন্তব্যের কারণ কী? ১+৪

(খ) 'উলগুলানের শেষ নাই! ভগবানের মরণ নাই।' — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

[অথবা], 'অরণ্যের অধিকার কৃষ্ণ-ভারতের আদি অধিকার।' — তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) '... আমার পরমায়ুর সমস্ত দিন-রাত্রির মধ্যে সেই একটিমাত্র রাত্রিই আমার তুচ্ছ জীবনের একমাত্র চরম সার্থকতা।' — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

[অথবা], 'মাবোর থেকে সিতাংশুর লেখা এই চিঠিগুলি আমারই চিঠি হয়ে উঠল' — অংশটি কোন্ গল্পের অংশ? বক্তা কে? সিতাংশুর লেখা চিঠিগুলি কীভাবে বক্তার নিজের হয়ে উঠল?

১+১+৩

(ঘ) 'কি এ-সুখ তাঁর অদৃষ্টে টিকিল না। ...' — উদ্দিষ্ট ব্যক্তিটি কে? কোন্ সুখ তাঁর অদৃষ্টে কেন টিকিল না?

১+১+৩

[অথবা], 'সিংহের চোখে জল।' — 'সিংহ' বলতে কাকে বোঝানো হয়েছে? তাঁর চোখে জল কে লক্ষ্য করলেন? এই জলের কারণ কী?

১+১+৩

(ঙ) 'আর কোনদিন আমি ও-বাড়ি যাইনি।' — 'ও-বাড়ি' বলতে কাদের বাড়ি বোঝানো হয়েছে? বক্তার ও-বাড়িতে আর যাওয়া হয়নি কেন?

১+৪

[অথবা], 'আমি সত্যই খ্রিস্টান নাই গো বাপু।' — কার উক্তি? এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো।

১+৪

সপ্তম পত্র — ২০১১

পূর্ণমান—১০০

[নতুন (১+১+১) পাঠক্রম অনুসারে]

১৫ নম্বরের প্রশ্নে ৩০০ শব্দ, ১০ নম্বরের প্রশ্নে ২০০ শব্দ ও ৫ নম্বরের প্রশ্নে ১০০ শব্দের মধ্যে উত্তর দেওয়া বাঞ্ছনীয়

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) প্রবন্ধ বলতে কী বোঝো? প্রবন্ধের শ্রেণীবিভাগ করে তাদের পার্থক্য বুঝিয়ে দাও।

৩+৭

(খ) পত্রসাহিত্য কাকে বলে? উদাহরণসহ পত্রসাহিত্যের আলোচনা করো।

৩+৭

(গ) কোন্ কোন্ বৈশিষ্ট্যের কারণে ডায়ারিকে সাহিত্য-পদবাচ্য বলে বিবেচনা করা যায়? উদাহরণসহ আলোচনা করো।

৩+৭

(ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাও : (যে কোনো দুটি)

৫+৫

(অ) ভ্রমণ সাহিত্য, (আ) রম্য রচনা (ই) বস্তুনিষ্ঠ প্রবন্ধ

২। (ক) 'বিড়াল' প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের সমাজভাবনার পরিচয় দাও। [অথবা], 'কমলাকান্তের দপ্তর'-এ হাস্যরস সৃষ্টিতে লেখকের নৈপুণ্য বিচার করো।

১+৫

৩। (ক) 'ছিন্নপত্র'-এর পাঠ্য পত্র অবলম্বনে রবীন্দ্রনাথের মর্ত্যপ্ৰীতির পরিচয় দাও।

১+৫

[অথবা], (খ) রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র'-এর চিঠিগুলির সঙ্গে, তাঁর লেখা সমকালীন কবিতার যোগসূত্র আলোচনা করো।

১+৫